

# NYC FREE TAX PREP

Trusted,  
Professional  
Filing

বিনামূল্যে ফাইল করার জন্য  
NYC ফ্রি ট্যাক্স প্রেপ (NYC Free  
Tax Prep) ব্যবহার করুন এবং  
আপনার সম্পূর্ণ রিফান্ড পান।



### পরিবারের ক্ষেত্রে

2023 সালে \$85,000 বা তার  
কম আয়।



### একজনের ক্ষেত্রে

2023 সালে \$59,000 বা তার  
কম আয়।

একটি যথাযথ ট্যাক্স রিটার্ন সম্পূর্ণ করার জন্য একজন অভিজ্ঞ  
IRS শংসায়িত VITA/TCE এঞ্জিক প্রস্তুতকারকের সঙ্গে কাজ  
করুন। ফাইল করার 4টি উপায় আছে এবং 5টি বরোতে মোট  
130 টির বেশি কেন্দ্র আছে।

আপনি কীভাবে ফাইল করতে চান  
নির্বাচন করুন।

- সশরীরে ট্যাক্স প্রস্তুতি (In-Person Tax Prep)**  
একজন স্বেচ্ছামূলক প্রস্তুতকারক সহ বসে পড়ুন।
- ড্রপ-অফ সার্ভিস (Drop-off Service)** আপনার  
ট্যাক্সের নথিপত্র ছেড়ে দিন এবং পরে সম্পূর্ণ করা রিটার্ন  
সংগ্রহ করুন।
- ভার্চুয়াল ট্যাক্স প্রস্তুতি (Virtual Tax Prep)\***  
এটা হলো ব্যক্তিগত ট্যাক্স প্রস্তুতি কিন্তু অনলাইনে!
- সহায়তা করা স্ব-প্রস্তুতি (Assisted Self-Prep)\***  
ফ্রি ফাইলিং সফটওয়্যার ব্যবহার করে অনলাইনে আপনার  
নিজস্ব ট্যাক্স জমা দিন কিন্তু সাহায্যের জন্য একজন  
স্বেচ্ছাসেবীকে ফোন বা ইমেইল করুন।

আপনার নথি প্রস্তুত রাখুন।



- ফটো আইডি** (IDNYC সহ)
- আপনার, আপনার স্বামী/স্ত্রী এবং আপনার  
নির্ভরশীলদের জন্য **ট্যাক্স আইডি** (সোস্যাল  
সিকিউরিটি কার্ড বা ব্যক্তিগত করদাতা  
সনাক্তকরণ নম্বর)



- আয়ের প্রমাণ** (ফর্ম W-2, 1098, 1099,  
অথবা আপনি যদি স্ব-নিযুক্ত হন তাহলে  
আয় এবং ব্যয়ের রেকর্ড অন্তর্ভুক্ত)



- শিশুর যত্নের খরচ** (যদি প্রযোজ্য হয়),  
প্রদানকারীর তথ্য এবং ট্যাক্স আইডি নম্বর সহ
- আপনার ফেরত অর্থের সরাসরি জমার জন্য  
**চেক এবং রাউটিং নম্বর**
- আপনি একটি যৌথ রিটার্ন ফাইল করলে  
স্বামী/স্ত্রী উভয়ের স্বাক্ষর

আপনার লাগতে পারে এমন অতিরিক্ত  
নথিপত্রের তালিকার জন্য কোড স্ক্যান  
করুন।



### স্ব-নিযুক্ত ক্ষুদ্র ব্যবসার মালিক

ফ্রিল্যান্সার, গিগ কর্মীদের জন্য বছর-ব্যাপী পরিষেবা

যদি আপনি নিজের জন্য কাজ করেন, তাহলে আপনাকে  
বার্ষিকভাবে ট্যাক্স ফাইল করতে হবে এবং ত্রৈমাসিকভাবে  
ট্যাক্স পেমেন্ট জমা দিতে হবে। বছরব্যাপী বিনামূল্যে সম্পদ  
অ্যাক্সেস করুন, সহ:

- **ব্যক্তিগত বিশেষায়িত ট্যাক্স প্রস্তুতি\***  
(ত্রৈমাসিক ট্যাক্স ফাইলিং + বার্ষিক ট্যাক্স রিটার্নের জন্য)
- **একের পর এক কাউন্সেলিং এবং গ্রুপ সেশন\***
- **ওয়ার্কশপ†**
- **টুলকিট + আরও†**

\* \$250,000 বা তার কম ব্যবসায়িক খরচ সহ \$85,000 বা তার কম  
(পরিবার) বা \$59,000 বা তার কম (একক ফাইলার) উপার্জন করতে  
হবে। স্ব-কর্মসংস্থান/শিডিউল C সহায়তা প্রদানকারী পৃথক সাইটগুলি  
সন্ধান করুন।

† কোন আয় বা ব্যয় সীমা প্রযোজ্য নয়।

# NYC

Eric L. Adams  
Mayor

Consumer and  
Worker Protection

Vilda Vera Mayuga  
Commissioner

সমস্ত পরিষেবা ও যোগ্যতা সম্বন্ধে আরও  
তথ্যের জন্য, [nyc.gov/taxprep](https://nyc.gov/taxprep) দেখুন বা  
311 নম্বরে ফোন করে "tax preparation  
(ট্যাক্স প্রস্তুতি)"-র কথা জিজ্ঞাসা করুন।